



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/এসএসসি/২০২৬/১৫১২

তারিখ: ২২ এপ্রিল ২০২৬ খ্রি.

বিষয়: এসএসসি পরীক্ষা ২০২৬-এর দুটি সিলেবাসের প্রশ্নপত্র সাবধানে শিক্ষার্থীদের মাঝে বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা অনুযায়ী এসএসসি পরীক্ষা ২০২৬-এর দুটি পৃথক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে।

ক. অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা (২০২৩-২০২৪ সেশন ও তার পূর্বের) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।


খ. নিয়মিত পরীক্ষার্থীরা (২০২৪-২০২৫ সেশন) ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

দুই ধরনের পরীক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন দুই ধরনের প্রশ্ন প্রণয়ন করা হয়েছে। পরীক্ষার সুষ্ঠু পরিবেশ, স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে পরীক্ষার্থীদের মাঝে সঠিক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র বিতরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রশ্নপত্র বিতরণের পূর্বে প্রশ্নপত্রে উল্লেখিত সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস ও প্রশ্নপত্রের কোড যথাযথভাবে যাচাই করে অত্যন্ত সতর্কতার সাথে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। এ বিষয়ে কোন ধরনের ভুল বা অসাবধানতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে। প্রশ্নপত্র বিতরণের সময় দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকগণকেও বিষয়টি সম্পর্কে অবহিত করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

উল্লেখ্য, প্রশ্নপত্র বিতরণে কোন ধরনের ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কেন্দ্রসচিব ও কক্ষ পরিদর্শক দায়ী থাকবেন এবং পরীক্ষার সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদানসহ তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি সর্বোচ্চ গুরুত্বসহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


২২.০৪.২০২৬

প্রফেসর জি. এম. শহীদুল ইলাম (৭০৪৯)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

ফোন: অফিস-০২৪৭৮৮৬৪৩৭০

মোবাইল নং-০১৭১৫-০৯০৪৫২

কেন্দ্র সচিব

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন

এসএসসি পরীক্ষা ২০২৬-এর কেন্দ্রসমূহ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ০১। জেলা প্রশাসক, বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ০২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল।
- ০৮। অফিস কপি।